

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য সচিত্র প্রতিবেদন জুন -২০২১

১। জাতীয় বৃক্ষরোপন অভিযান ২০২১।

জাতীয় বৃক্ষরোপন অভিযান ২০২১ কার্যক্রমের অংশ হিসেবে গত ০৫ জুন ২০২১ তারিখ অত্র ঘাঁটির অধিনায়ক বৃক্ষরোপন অভিযান কার্যক্রমের উদ্বোধন করেন।



বানৌজা শের-ই-বাংলা কর্তৃক বৃক্ষরোপন অভিযান অনুষ্ঠানের খন্ড চিত্র

২। কোভিড-১৯ এর বর্তমান দৃশ্য এবং দ্বিতীয় তরঙ্গ প্রতিরোধের ব্যবস্থা সম্পর্কে অনলাইন উপস্থাপনা। গত ২০ জুন ২০২১ তারিখ মেডিসিন বিশেষজ্ঞ কর্তৃক ভিডিও কনফারেন্স এর মাধ্যমে কোভিড-১৯ এর বর্তমান অবস্থা এবং দ্বিতীয় তরঙ্গ প্রতিরোধে করণীয় ব্যবস্থা সম্পর্কে উপস্থাপন করা হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নেতাল এরিয়া কোভিড-১৯ এবং এর প্রতিরোধের ব্যবস্থা সম্পর্কে মূল্যবান বক্তব্য পেশ করেন।



বানৌজা শের-ই-বাংলা কর্তৃক ভিডিও কনফারেন্স এর মাধ্যমে কোভিড-১৯ এর বর্তমান দৃশ্য এবং দ্বিতীয় তরঙ্গ প্রতিরোধ অনুষ্ঠানের খন্ড চিত্র।

৩। প্রতিরক্ষা মন্ত্রণালয় প্রতিনিধি কর্তৃক প্রকল্প পরিদর্শন।

গত ২৩ জুন ২০২১ তারিখ প্রতিরক্ষা মন্ত্রণালয় প্রতিনিধি জনাব জাহিদ নেওয়াজ, সহকারী সচিব বানৌজা ‘শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন প্রকল্প’ পরিদর্শন করেন। তিনি প্রকল্পের নির্মাণ কার্য ও সার্বিক অগ্রগতি পরিদর্শন করেন ও বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।



প্রতিরক্ষা মন্ত্রণালয় প্রতিনিধি কর্তৃক বানৌজা ‘শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন প্রকল্প’ পরিদর্শন অনুষ্ঠানের খন্ড চিত্র।

৪। সিও’স টক (সোলাম)।

গত ২৩ জুন ২০২১ তারিখ ০৮৩০ ঘটিকায় সোলামের শিপস্ কোম্পানি ডাইনিং হলে সামাজিক দূরত্ব বজায় রেখে সিও’স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও’স টকে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন। উক্ত সিও’স টকে ঘাঁটির কর্মকর্তা, জেসিও’স, পিও’স, নাবিক এবং অসামরিক কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



সোলাম কর্তৃক সিও’স টকের কয়েকটি মুহূর্ত।

৫। **জমি অধিগ্রহণ (সোলাম)।** গত ০৩ জুন ২০২১ তারিখে সোলামের অনুকূলে অধিগ্রহণকৃত ২.৬৬ একর জমি সোলামের নিজস্ব হস্তান্তর করা হয়। উক্ত হস্তান্তর উপলক্ষে অত্র ঘাঁটির নির্বাহী কর্মকর্তা কমান্ডার এম ইমতিয়াজ হোসেন, (সি), বিএসপি, পিএসসি, বিএন খুলনা অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ মারুফুল আলম (এল এ) এবং স্টাফ অফিসার (ল্যান্ড) টু কমখুল লেঃ কমান্ডার আজিজুল হক, (এসডি) (ওএ), বিএস ২.৬৬ একর জমি পরিদর্শন করেন। পরবর্তীতে ১২৩০ ঘটিকায় সোলাম কনফারেন্স রুমে ঘাঁটির অধিনায়কসহ বর্ণিত ব্যক্তিবৃন্দের উপস্থিতিতে একটি আলোচনা সভা এবং জমি হস্তান্তর স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।



সোলাম কর্তৃক জমি হস্তান্তর স্বাক্ষর অনুষ্ঠানের খন্ড চিত্র।

৬। **বৃক্ষরোপণ অভিযান-২০২১ (সোলাম)।** গত ০৫ জুন ২০২১ তারিখ ১১৪৫ ঘটিকায় বৃক্ষরোপণ অভিযান-২০২১ উপলক্ষ্যে সোলাম প্রশিক্ষণার্থী নিবাসের সম্মুখে অত্র ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন সাদ ইমন ইশতিয়াক, (এস), পিএসসি, বিএন বৃক্ষরোপণ করেন। এছাড়া ঘাঁটির আরও কয়েকটি জায়গায় বৃক্ষরোপন করেন। অত্র ঘাঁটির অধিনায়ক বৃক্ষরোপণ শেষে মোনাজাতের মাধ্যমে ঘাঁটির এবং নৌবাহিনীর সর্বাঙ্গীণ মঙ্গল কামনা করেন।



সোলাম কর্তৃক বৃক্ষরোপণ কর্মসূচি-২০২১ এর খন্ড চিত্র।

৭। **বৃক্ষরোপণ কর্মসূচি-২০২১।** গত ০১ জুন ২০২১ তারিখে অধিনায়ক বানৌজা মংলা ক্যাপ্টেন এম মোশাররফ হোসেন, (এন), পিএসসি, বিএন বৃক্ষরোপণ কর্মসূচি ২০২১ উপলক্ষে ঘাঁটিস্থ এডমিন ব্লক এর সামনে বৃক্ষরোপণ করেন।



বানৌজা মংলা কর্তৃক বৃক্ষরোপণ কর্মসূচি-২০২১ এর খন্ড চিত্র।